

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং ৩(১৫) শুল্ক : রপ্তানী ও বন্ড/৯৮ (অংশ-১)/ ৫৫৪-৫৬৫

তারিখ : ১১-০৪-২০০১।

অফিস স্মারক

বিষয় : জেনারেল বন্ডের বিপরীতে তৈরী পোষাক শিল্পের আমদানীকৃত কাঁচামাল খালাস প্রসঙ্গে।

সূত্র : বিজিএমইএ-এর পত্র নং বিজিএ/২০০১/৩০১৬, তারিখ ৯-৪-২০০১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেনারেল বন্ডের বিপরীতে তৈরী পোষাক শিল্পের জন্য আমদানীকৃত কাঁচামাল ও আনুসাংগিক দ্রব্য অনেক প্রতিষ্ঠানের দু বছর অডিট হয়নি বলে মালামাল খালাসের সময় জেনারেল বন্ড থাকা সত্ত্বেও রিস্ক বন্ড ও ডিউটি বন্ড দাবী করা হচ্ছে বলে বিজিএমইএ জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করে।

০২। বিষয়টি পর্যালোচনা করে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নোক্ত ভাবে কাঁচামাল খালাসের অনুমতি প্রদান করতে সম্মত হয়েছে :

- (ক) ২৭-০৪-২০০০ ইং তারিখের পরে জারীকৃত সকল জেনারেল বন্ড ৩ বছর মেয়াদকাল পর্যন্ত কাঁচামাল ও আনুসাংগিক পণ্য খালাসের জন্য বৈধ থাকবে।
- (খ) যে সকল জেনারেল বন্ড ২৭-৪-২০০০ ইং তারিখের পূর্বে জারী করা হয় এবং এগুলোর মধ্যে যে সকল জেনারেল বন্ড ৩০-০৬-২০০১ ইং তারিখের পরেও বৈধ থাকলে সে সকল বন্ডের আওতায় মেয়াদকাল পর্যন্ত কাঁচামাল খালাস করা যাবে।
- (গ) ২৭-০৪-২০০০ ইং তারিখের পূর্বে জারীকৃত বন্ডের মেয়াদকাল উত্তীর্ণ হবার ক্ষেত্রে ইহার মেয়াদকাল ৩০-৬-২০০১ ইং তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- (ঘ) নিরীক্ষা কার্যক্রমে বিজিএমইএ সহায়তা প্রদান করবে এবং সকল অডিট সংক্রান্ত কার্যক্রম ৩০-৬-২০০১ ইং তারিখের মধ্যে সম্পন্ন করে জেনারেল বন্ড নবায়ন কাজ নিয়মিত করতে হবে। ৩০-০৬-২০০১ ইং তারিখের পরে আর কোন অবস্থাতেই সময় বৃদ্ধি করা হবে না।

স্বাক্ষরিত/-

(মোঃ মুজিবুর রহমান)

দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানী ও বন্ড)